# শারহুল আক্বীদা আত্-ত্বহাবীয়া

বিভাগ/অধ্যায়ঃ ৬. তার ধ্বংস নেই, তিনি ক্ষয়প্রাপ্তও হবেন না (لا يَفْنَى وَلا يَبِيدُ)

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনে আবীল ইয আল-হানাফী (রহিমাহুল্লাহ)

তার ধ্বংস নেই, তিনি ক্ষয়প্রাপ্তও হবেন না।

ইমাম ত্বহাবী রহিমাহুল্লাহ বলেন, (**لا يَفْنَى وَلا يَبِيدُ**) তার ধ্বংস নেই, তিনি ক্ষয়প্রাপ্তও হবেন না।

.....................

ব্যাখ্যা: এ বাক্যের মাধ্যমে আল্লাহ তা‘আলার চিরন্তনতার স্বীকৃতি প্রদান করা হয়েছে। আল্লাহ তা‘আলা বলেন,

﴿كُلُّ مَنْ عَلَيْهَا فَانٍ وَيَبْقَىٰ وَجْهُ رَبِّكَ ذُو الْجَلَالِ وَالْإِكْرَامِ﴾

“ভূপৃষ্ঠের প্রতিটি জিনিসই ধ্বংস হবে। শুধু অবশিষ্ট থাকবে তোমার প্রতিপালকের চেহারা (সত্তা), যা মহিমাময় ও মহানুভব” (সূরা আর রাহমান: ২৭-২৮)।

الفناء এবং البيد শব্দদ্বয় অর্থের দিক থেকে প্রায় কাছাকাছি। বক্তব্যকে শক্তিশালী করার জন্য উভয় শব্দকে একসাথে উল্লেখ করা হয়েছে। একই সঙ্গে এ বাক্যটি ইমাম ত্বহাবী রহিমাহুল্লাহর পূর্বোক্ত কথা دائم بلا انتهاء – এর মর্মার্থকেও সাব্যস্ত ও শক্তিশালী করেছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8878

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন